সিলেট ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজে বিদায় সংবর্ধনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

চেম্বার ডেস্ক:: সিলেট ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজে এইচএসসি -২০২৩ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (৩ আগষ্ট) দুপুরে সিলেট ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের অধ্যক্ষ লে. কর্নেল মো. রোকনুজ্জমান খাঁন, পিএইচডি।
পবিত্র কোরআন হতে তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠানের কার্যক্রম শুরু হয়। অনুষ্ঠানের শুরুতে বিদায়ী শিক্ষার্থীদের পক্ষে ২ জন শিক্ষার্থী প্রতিষ্ঠানে তাদের অভিজ্ঞতা ও স্মৃতিচারণমূলক বক্তব্য তুলে ধরে। এরপর শ্রেণিশিক্ষকগণ শিক্ষার্থীদের উদ্দেশ্যে দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন। বিদায়ী শিক্ষার্থীদের শুভেচ্ছা স্মারক তুলে দেন অধ্যক্ষ মহোদয়। অনুষ্ঠানের সমাপনী বক্তব্যে প্রতিষ্ঠানের অধ্যক্ষ বিদায়ী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, সুশৃঙ্খল এই শিক্ষা প্রতিষ্ঠান তোমাদের পদস্পর্শে একদিন মুখরিত হয়ে উঠেছিল। যে পথ একদিন তোমাদের নিয়ে এসেছিল এই প্রতিষ্ঠানের আঙিনায়, আজ সেই পথই আবার তোমাদের ডাক দিয়েছে- ‘হাঁকিছে ভবিষ্যৎ, হও আগুয়ান’। আজ তোমাদের শিক্ষাজীবনের একটি অধ্যায় সমাপ্ত হতে চলেছে অন্যদিকে নতুন একটি অধ্যায়ে পা রাখার উদ্দেশ্যে তোমাদের বিদায় দিতে হচ্ছে। সামনে রয়েছে তোমাদের অবারিত সুযোগ। ভালো ফলাফলেই তোমাদের ভবিষ্যৎ সুরক্ষিত হবে।এই বিদ্যানিকেতনের অভিজ্ঞতা ও ঐতিহ্য যেন হয় তোমাদের ভবিষ্যৎ গড়ে তোলার প্রেরণা।এছাড়াও তিনি শিক্ষার্থীদের নির্ধারিত সময়ের আগে পরীক্ষাকেন্দ্রে উপস্থিত হওয়া, সতর্কতার সাথে উত্তরপত্রের প্রথম অংশ পূরণকরণ ও সর্বাবস্থায় শৃঙ্খলার প্রতি শ্রদ্ধাশীল হওয়ার নির্দেশনা প্রদান করেন । পরিশেষে ভালো ফলাফল ও সার্বিক মঙ্গল কামনা করে দোয়া প্রার্থনা করা হয়। এসময় কলেজের উপাধ্যক্ষ সহ শিক্ষক,শিক্ষিকা,সম্বর্ধিত ছাত্র ছাত্রীরা উপস্হিত ছিলেন।

উল্লেখ্য যে, সিলেট ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ ২০২৩ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার ফলাফলে ৭৫টি জিপিএ-৫ সহ শতভাগ পাশের দ্বারা অব্যাহত রেখেছে।